গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২১৮/২০১৮-২০১৯
ঢাকা, বৃহস্পতিবার ১৬ মে ২০১৯, ২ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। স্বাস্থ্য পরীক্ষার জন্য লন্ডন গেলেন রাষ্ট্রপতি
২। আগামী ২৫ মে চালু হচ্ছে দ্বিতীয় মেঘনা ও গোমতী সেতু : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৩। ছাত্রলীগের কমিটি থেকে বিতর্কিতদের বাদ দেওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর
৪। সিঙ্গাপুরে চিকিৎসা শেষে দেশে ফিরে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করলেন সেতুমন্ত্রী
৫। মাদক ঠেকাতে সব চেষ্টা চালানো হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী
৬। ভারতে বিটিভি প্রদর্শন নিয়ে সুসংবাদ আসছে : তথ্যমন্ত্রী
৭। শীঘ্রই নবম ওয়েজ বোর্ডের গেজেট : তথ্যমন্ত্রী
৮। ২ হাজার ৩০২ কোটি টাকার ক্রয়প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন
৯। পর্যায়ক্রমে চার কোটি মানুষকে করের আওতায় আনা হবে : অর্থমন্ত্রী
১০। পাটকলগুলোকে গত ১০ বছরে ৭ হাজার কোটি টাকা অর্থায়ন করা হয়েছে : অর্থমন্ত্রী
১১। মানবপাচারের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে : পররাষ্ট্রমন্ত্রী
১২। ধান চাল সংগ্রহে কোনো অনিয়ম দুর্নীতি সহ্য করা হবে না : খাদ্যমন্ত্রী
১৩। ভারতের কাছে অ্যান্টি-ডাম্পিং শুল্ক প্রত্যাহারের আহ্বান বাংলাদেশের
১৪। ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে ৭ ধারায় নোটিসের পর অভিযোগ গ্রহণযোগ্য হবে না : ভূমিমন্ত্রী
১৫। ঈদে আট জোড়া বিশেষ ট্রেন
অ্যাপের মাধ্যমে বিক্রি হবে ৫০ শতাংশ টিকিট, আগাম টিকিট বিক্রি শুরু আগামী ২২ মে
১৬। দেশে জঙ্গি হামলার আশঙ্কা নেই : আইজিপি
১৭। শ্রমিক নেতা রায় রমেশ চন্দ্রের পরলোকগমন : প্রধানমন্ত্রীর শোক প্রকাশ
১৮। ত্রিদেশীয় সিরিজের ফাইনালে গেল অপরাজিত বাংলাদেশ

চলমান পাতা-২

১। **স্বাস্থ্য পরীক্ষার জন্য লন্ডন গেলেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ স্বাস্থ্য পরীক্ষা ও চোখের চিকিৎসার জন্য লন্ডনের উদ্দেশে রওনা দিয়েছেন। বিমান বাংলাদেশ এয়ালাইন্স লিমিটেডের একটি ভিভিআইপি ফ্লাইট রাষ্ট্রপতিকে নিয়ে গতকাল (১৫ মে বুধবার) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। রাষ্ট্রপতি লন্ডনের মুরফিল্ড আই হসপিটাল ও বুপা ক্রমওয়েল হসপিটালে স্বাস্থ্য পরীক্ষা করাবেন। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২.ক.১)।

২। **আগামী ২৫ মে চালু হচ্ছে দ্বিতীয় মেঘনা ও গোমতী সেতু : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ২৫ মে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে দ্বিতীয় মেঘনা সেতু এবং দ্বিতীয় গোমতী সেতু উদ্বোধন করবেন। সড়ক পরিবহণ ও সেতু বিভাগ এ বিষয় নিশ্চিত করে জানিয়েছে, সেতু দুটির নির্মাণকাজ প্রায় শেষের পথে। প্রধানমন্ত্রী গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সেতু দুটির উদ্বোধন করবেন। অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঈদের সময় ঘরমুখো যাত্রীদের চলাচল সাবলীল করতে সেতু দুটি যানচলাচলের জন্য উন্মুক্ত করে দেবেন। তিনি গতকাল (১৫ মে বুধবার) মন্ত্রিপরিষদ বিভাগে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের বলেন, সেতু দুটি যানচলাচলের জন্য খুলে দেওয়া হলে ঈদের সময় যানচলাচল পরিস্থিতির উন্নতি হবে। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.ক.১)।

৩ । **ছাত্রলীগের কমিটি থেকে বিতর্কিতদের বাদ দেওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর**

সদ্য ঘোষিত ছাত্রলীগের পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি থেকে বিতর্কিতদের বাদ দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। যাচাই-বাছাইয়ের পর অভিযোগ প্রমাণিত হলে বিতর্কিতদের কমিটি থেকে বাদ দিয়ে সেসব পদে নতুন ও পরিচ্ছন্ন ভাবমূর্তির নেতাদের ঠাঁই দেওয়া হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে এমন উদ্যোগ নেওয়া হচ্ছে। গতকাল (১৫ মে বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাত্রলীগের সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন ও সাধারণ সম্পাদক গোলাম রাব্বানীকে গণভবনে ডেকে বিতর্কিতদের কমিটি থেকে বাদ দিয়ে ত্যাগী ও পরিচ্ছন্ন ভাবমূর্তির নেতাদের অন্তর্ভুক্ত করার নির্দেশ দেন। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.৮). **ইত্তেফাক** (পৃ.১,ক.৪)।

৪। **সিঙ্গাপুরে চিকিৎসা শেষে দেশে ফিরে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করলেন সেতুমন্ত্রী**

সেতুমন্ত্রী ওবায়দুল কাদের দীর্ঘ দুই মাস দশ দিন চিকিৎসা শেষে সিঙ্গাপুর থেকে গতকাল (১৫ মে বুধবার) দেশে ফিরেছেন। দেশে ফিরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তিনি আওয়ামী লীগের নেতাকর্মী ও দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা জানান। গতকাল সন্ধ্যায় গণভবনে গিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করেছেন সেতুমন্ত্রী। এ সময় প্রধানমন্ত্রী তাঁর শারীরিক অবস্থার খোঁজখবর নেন। চিকিৎসার জন্য যথাযথ ব্যবস্থা নেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন সেতুমন্ত্রী। প্রধানমন্ত্রী তাঁর সুস্থতায় মহান আল্লাহর কাছে শুকরিয়া আদায় করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.১.ক.৮)।

৫। **মাদক ঠেকাতে সব চেষ্টা চালানো হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, মাদ্রকের সমস্যা থেকে বেরিয়ে আসতেই হবে। এ কারণে সব রকম চেষ্টা চালাচ্ছে সরকার। তিনি বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনকে যথোপযুক্ত করা হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মাদকের বিরুদ্ধে ভূমিকা রাখছে। গতকাল (১৫ মে বুধবার) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ডিজিটাল ডিভাইস 'কিয়স্ক'-এর মধ্যমে মাদকবিরোধী প্রচার কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, 'কিয়স্ক-এর মাধ্যমে সারাদেশে মাদকের কুফল সম্পর্কে জানিয়ে দেওয়া হবে। কিয়স্কযুক্ত এলইডি ডিসপ্লে দেশের বিভিন্ন স্থানে বসানো হবে। এতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নির্মিত মাদকবিরোধী শর্টফিল্ম, টিভিসি, নাটক-নাটিকা, প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হবে। মাদক সংক্রান্ত সব ধরনের হালনাগাদ তথ্যও প্রচার করা হবে। ফলে মানুষ মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জানতে পারবে এবং সচেতনতা বাড়বে বলে আশা করা হচ্ছে। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.৫). **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (পৃ.২.ক.২)।

৬ । **ভারতে বিটিভি প্রদর্শন নিয়ে সুসংবাদ আসছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত টেলিভিশন চ্যানেল বিটিভি যাতে অচিরেই ভারতে সম্প্রচারিত হতে পারে, সেজন্য সরকার কাজ করছে। এ নিয়ে গুরুত্বপূর্ণ অগ্রগতি রয়েছে এবং সুসংবাদ আছে। এখন শুধু ঘোষণার অপেক্ষা। গতকাল (১৫ মে বুধবার) সচিবালয়ে ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার রীভা গাঙ্গুলী দাশের সঙ্গে বৈঠকের পর তিনি সাংবাদিকদের এ তথ্য জানান। মন্ত্রী আরো বলেন, বাংলাদেশ-ভারতের যৌথ প্রযোজনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীভিত্তিক চলচ্চিত্র নির্মাণে স্ক্রিপ রাইটার আগামী সপ্তাহে বাংলাদেশে আসবেন। যৌথ মালিকানা ও প্রযোজনায় এ চলচ্চিত্রটিতে বাংলাদেশের ৬০ এবং ৪০ শতাংশ মালিকানা ভারত সরকারের। এরই মধ্যে ভারতের পক্ষ থেকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬). **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.৩.ক.৫)।

৭। **শীঘ্রই নবম ওয়েজ বোর্ডের গেজেট : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাসান মাহ্‌মুদ সাংবাদিকদের জন্য নবম ওয়েজ বোর্ডের গেজেট শীঘ্রই প্রকাশ করার আশ্বাস দিয়েছেন। গতকাল (১৫ মে বুধবার) সচিবালয়ে বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অভ্‌ নিউজ পেপার প্রেস ওয়ার্কার্স ও বাংলাদেশ সংবাদপত্র কর্মচারী ফেডারেশনের নেতাদের সঙ্গে মত বিনিময়কালে মন্ত্রী এ আশ্বাস দেন। সূত্র : **সংবাদ** (পৃ.১৫,ক.৭), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

৮। **২ হাজার ৩০২ কোটি টাকার ক্রয়প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন**

ছাতক সিমেন্ট কোম্পানি ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেসে রূপান্তরিতসহ মোট ৬টি ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে মোট ব্যয় হবে দুই হাজার ৩০২ কোটি ৬৩ লাখ টাকা। সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে গতকাল (১৫ মে বুধবার) অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে এ ক্রয় প্রস্তাবগুলো অনুমোদন দেওয়া হয়। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.১), **যুগান্তর** (শেষ পৃ,ক.৪)।

৯। **পর্যায়ক্রমে চার কোটি মানুষকে করের আওতায় আনা হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, পর্যায়ক্রমে চার কোটি মানুষকে করের আওতায় নিয়ে আসা হবে। এজন্য প্রতিটি উপজেলায় রাজস্ব কার্যালয় চালু করা হবে। করের আওতা বাড়াতে আমরা প্রয়োজনে আউটসোর্সিং করবো। কর প্রদানে মানুষের যেন কোনো ধরনের হয়রানি বা কষ্ট করতে না হয় সে ব্যবস্থা চালু করা হবে। যোগ্যদের করের আওতায় আনতে সকলের সহযোগিতা প্রয়োজন। গতকাল (১৫ মে বুধবার) শেরে বাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নরদের সঙ্গে বৈঠকশেষে এসব কথা বলেন অর্থমন্ত্রী। সূত্র : **ইত্তেফাক (শেষ** পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

১০। **পাটকলগুলোকে গত ১০ বছরে ৭ হাজার কোটি টাকা অর্থায়ন করা হয়েছে : অর্থমন্ত্রী**

রাষ্ট্রায়ত্ত পাটকলগুলোকে গত ১০ বছরে ৭ হাজার কোটি টাকা অর্থায়ন করা হয়েছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, পাটকলে আর কত দিন অর্থায়ন করব। ভর্তুকি দেওয়া হলেও কারখানা বন্ধ থাকে। আমার বিশ্বাস, প্রধানমন্ত্রী এটার কোনো না কোনো সমাধান বের করতে পারবেন। গতকাল সচিবালয়ের মন্ত্রিপরিষদ সভা কক্ষে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

১১। **মানবপাচারের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন জানিয়েছেন, লিবিয়া থেকে ইতালি যাওয়ার পথে তিউনিসিয়ার উপকূলবর্তী ভূমধ্যসাগরে নৌকাডুবির ঘটনায় একজন বাংলাদেশি মারা গেছেন এবং এখনো ৩৯ জন নিখোঁজ রয়েছেন। ধারণা করা হচ্ছে, নিখোঁজ সবাই মারা গেছেন। এ ঘটনায় ১৪ বাংলাদেশিকে জীবিত উদ্ধার করা হয়েছে। গতকাল (১৫ মে বুধবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে নিজ কার্যালয়ে এ তথ্য জানান পররাষ্ট্রমন্ত্রী। তিনি আরো জানান, নোয়াখালীর তিন ভাইয়ের একটি চক্র এবং সিলেটের অসাধু ট্রাভেল এজেন্সিগুলো এ মানব পাচারের সঙ্গে জড়িত বলে শনাক্ত করা গেছে। তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২)।

১২। ধান চাল সংগ্রহে কোনো অনিয়ম দুর্নীতি সহ্য করা হবেনা : খাদ্যমন্ত্রী

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, সরকার ধান, চাল সংগ্রহে কোনো অনিয়ম ও দুর্নীতি সহ্য করবে না। স্বচ্ছতা ও সততার মাধ্যমে কৃষদের কাছ থেকে ধান কিনতে হবে। এক্ষেত্রে খাদ্য বিভাগের কোনো কর্মকর্তা-কর্মচারী এবং আওয়ামী লীগের কেউ জড়িত থাকলে কাউকে ছাড় দেওয়া হবে না। গতকাল (১৫ মে বুধবার) খাদ্যমন্ত্রী বগুড়ায় আদমদীঘি উপজেলার সান্তাহার কেন্দ্রীয় খাদ্য গুদামে চলতি মৌসুমের ইরি-রোরো ধান চাল সংগ্রহ অভিযানের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র **: সংবাদ (পৃ.৪,ক.৪), যুগান্তর** (পৃ.২,ক.৮)।

১৩ । ভারতের কাছে অ্যান্টি-ডাম্পিং শুল্ক প্রত্যাহারের আহ্বান বাংলাদেশের

ভারতের কাছে অ্যান্টি-ডাম্পিং শুল্ক প্রত্যাহারের আহ্বান জানিয়েছে বাংলাদেশ। গতকাল (১৫ মে বুধবার) দেশটিতে সফররত বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি ভারতের বাণিজ্যমন্ত্রীর কাছে বাংলাদেশি পণ্যের ওপর আরোপিত অ্যান্টি-ডাম্পিং শুল্ক প্রত্যাহারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। এছাড়াও ভারত কর্তৃক বাংলাদেশি পোশাকপণ্য আমদানিতে সহযোগিতা কামনা করে ভারত-বাংলাদেশের মধ্যে অধিক বিনিয়োগ ও অর্থনৈতিক অংশীদারিত্ব বৃদ্ধির আহ্বান জানান। সূত্র **: সংবাদ (পৃ.১৪,ক.৫)।**

১৪। ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে ৭ ধারায় নোটিসের পর অভিযোগ গ্রহণযোগ্য হবে না : ভূমিমন্ত্রী

জনভোগান্তি কমাতে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে ৭ ধারায় নোটিস জারির পর আর কোনো অভিযোগ গ্রহণযোগ্য হবে না বলে জানিয়েছেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী। শীঘ্রই এ সংক্রান্ত পরিপত্র জারি করা হবে বলে জানান তিনি। গতকাল (১৫ মে বুধবার) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের উদ্যোগে অনুষ্ঠিত ‘ভূমি জরিপ কার্যক্রমের চ্যালেঞ্জসমূহ ও উত্তরণে করণীয়’ শীর্ষক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন । সূত্র **: বণিক বার্তা (পৃ.২,ক.৫), সমকাল** (পৃ.৪,ক.৪). **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

১৫। ঈদে আট জোড়া বিশেষ ট্রেন

অ্যাপের মাধ্যমে বিক্রি হবে ৫০ শতাংশ টিকিট, আগাম টিকিট বিক্রি শুরু আগামী ২২ মে

ঈদুল ফিতর উপলক্ষে দেশের বিভিন্ন রুটে আট জোড়া বিশেষ ট্রেন চলাচল করবে। আর ঈদ উপলক্ষে রেলের আগাম টিকিট বিক্রি আগামী ২২ মে শুরু হয়ে তা চলবে ২৬ মে পর্যন্ত। প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত টিকিট বিক্রি করা হবে। গতকাল (১৫ মে বুধবার) রাজধানীর রেলভবনে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন। এ সময় রেলমন্ত্রী জানান, অ্যাপের মাধ্যমে ট্রেনের ৫০ শতাংশ টিকিট বিক্রি করা হবে। মন্ত্রী আরো বলেন, আগামী ২৫ মে ঢাকা-পঞ্চগড় রুটে পঞ্চগড় এক্সপ্রেস চালু করা হবে। গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ট্রেনটির উদ্বোধন করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ.ক.৮)।

১৬। বাংলাদেশে জঙ্গি হামলার আশঙ্কা নেই : আইজিপি

আইজিপি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী বলেছেন, বাংলাদেশে জঙ্গি হামলার কোনো আশঙ্কা নেই। তবে সাম্প্রতিক সময়ে বিশ্বের বিভিন্ন দেশে জঙ্গি হামলার পরিপ্রেক্ষিতে বাংলাদেশও সম্পূর্ণ ঝুঁকিমুক্ত নয়। তাই বাংলাদেশ পুলিশ বাড়তি সতর্কতা অবলম্বনের পাশাপাশি সার্বিক নিরাপত্তা জোরদার করেছে। বাড়ানো হয়েছে নজরদারি। গতকাল (১৫ মে বুধবার) পুলিশ সদর দফতরে বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনের (ক্র্যাব) কার্যনির্বাহী কমিটির সঙ্গে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.ক.১)।

১৭। শ্রমিক নেতা রায় রমেশ চন্দ্রের পরলোকগমন : প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

জাতীয় শ্রমিক লীগের সাবেক সাধারণ সম্পাদক, বাংলাদেশ ইনস্টিটিউট অভ্ লেবার স্টাডিজের (বিলস) উপদেষ্টা পরিষদের সদস্য ও ট্রেড ইউনিয়ন নেতা রায় রমেশ চন্দ্র গতকাল (১৫ মে বুধবার) রাজধানীর লালমাটিয়ার নিজ বাসায় স্ট্রোক করে পরলোকগমন করেন। তাঁর মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। এক শোকবার্তায় প্রধানমন্ত্রী প্রয়াতের আত্মার শান্তি কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। সূত্র **: সমকাল** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.২.ক.১)।

১৮। ত্রিদেশীয় সিরিজের ফাইনালে গেল অপরাজিত বাংলাদেশ

অপরাজিত থেকেই ত্রিদেশীয় সিরিজের ফাইনালে চলে গেল বাংলাদেশ। বহুজাতিক টুর্নামেন্টে বাংলাদেশের এটি সপ্তম ফাইনাল। ওয়েস্ট ইন্ডিজের পর আয়ারল্যান্ডও বাংলাদেশের জয়ের পথে বাধা হতে পারেনি। গতকাল (**১৫** মে বুধবার) ডাবলিনের ক্লনটার্ফে আইরিশদের ছয় উইকেটে পরাজিত করেছে বাংলাদেশ। আগামীকাল ফাইনালে ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে বাংলাদেশ। গতকাল আট উইকেটে ২৯২ রান তুলে চ্যালেঞ্জ জানিয়েছিল আয়ারল্যান্ড। জবাবে তিন হাফ সেঞ্চুরিতে ৪৩ ওভারে চার উইকেটে ২৯৪ রান তুলে ম্যাচ জিতে নেয় বাংলাদেশ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮). **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশে শিক্ষা, স্বাস্থ্য, প্রশাসনসহ বিভিন্ন ক্ষেত্রে কয়েক হাজার পদ খালি রয়েছে উল্লেখ করে দ্রুত এসব পদ পূরণের ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **যায়যায়দিন :** আন্তর্জাতিক ব্যাংকিং প্রতিষ্ঠান স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক ২০৩০ সালের মধ্যে অর্থনৈতিক দিক থেকে প্রতিবেশী ভারতের চেয়ে এগিয়ে যাবে বাংলাদেশ এক প্রতিবেদনে এ পূর্বাভাস দেওয়ায় সন্তোষ প্রকাশ করে ইতিবাচক এ ধারা অব্যাহত রাখার সুপারিশ।

গ. **যুগান্তর :** ঈদুল ফিতর উপলক্ষে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রির কার্যক্রম শুরু করবে রেলওয়ে কর্তৃপক্ষ উল্লেখ করে জনসাধারণ যাতে নির্বিঘ্নে রেলের টিকিট সংগ্রহ করতে পারে সেদিকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ :** মাদকমুক্ত সমাজ গড়তে মাদকদ্রব্যের প্রাপ্তি সহজলভ্য যাতে না হয় সেটি নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** প্লাস্টিক দূষণ বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য ভয়াবহ হুমকি হয়ে দেখা দিয়েছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান :** সুন্দরবনে বাঘের বংশবৃদ্ধির হার বৃদ্ধি পেয়েছে এ তথ্যে সন্তোষ প্রকাশ করে পরিবেশের জীববৈচিত্র্য রক্ষায় এ ধারা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশে বিভিন্ন পর্যটন স্পট যদি সময়োপযোগী ও পরিকল্পনামাফিক ভাবে আকর্ষণীয় করে গড়ে তোলা যায়, তাহলে বাংলাদেশের পর্যটন শিল্পে নবদিগন্তের সূচনা হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'মানবিক সমাজ চাই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মানবিক সমাজ গড়ে তুলতে ধর্মগুরু, শিক্ষক, শিল্পী, সচেতন নাগরিক, সরকার সবাইকে এগিয়ে আসতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা